

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date: 16-06-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Kanchanjanga express :

কাঞ্চনজাঙা এক্সপ্ৰেসের যাত্রাপথ আজ থেকে সাব্রুম পর্যন্ত সম্প্রসারিত হচ্ছে। আগরতলার স্টেশন মাস্টার চন্দ্র মোহন শাহু জানিয়েছেন আজ কলকাতা থেকে কাঞ্চনজাঙা এক্সপ্ৰেসটি যাত্রা করে আগামীকাল রাত আটটায় সাব্রুম এসে পৌঁছাবে। পরের দিন অর্থাৎ ১৮ই জুন সকাল ৬টা ২০ মিনিটে সাব্রুম থেকে কাঞ্চনজাঙা এক্সপ্ৰেসটি কলকাতার উদ্দেশ্যে যাত্রা করবে। উল্লেখ্য, বর্তমানে এতদিন কাঞ্চনজাঙা এক্সপ্ৰেস কলকাতা আগরতলা মধ্যে যাতায়াত করছে। এদিকে

কাঞ্চন জাঙা এক্সপ্ৰেস সাব্রুম থেকে চলাচল করার খবরে খুশি দক্ষিণ জেলার মানুষ। বিলোনিয়ার বিধায়ক দীপংকর সেন দীর্ঘ আন্দোলনের ফলে সাব্রুম পর্যন্ত দূরপাল্লার রেল চালানোর জন্য রেলওয়ে বোর্ডের এই সিদ্ধান্তকে স্বাগত জানান।

Physiotherapy Conference :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু আজ দুদিন ব্যাপী নর্থ ইস্ট ফিজিওথেরাপি কনফারেন্স এর সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। উল্লেখ্য গতকাল দু দিন ব্যাপী এই কনফারেন্স-এর সূচনা আগরতলার একটি বেসরকারী হোটেলে হয়। উপস্থিত ছিলেন বিধায়ক দীপক মজুমদার সহ অন্যান্য বিশিষ্টজনেরা।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গুজরাটের ভুজের স্মৃতিভান ভূমিকম্প মেমোরিয়াল মিউজিয়ামকে ইউনেস্কো প্রিক্স ভাৰ্সাই মিউজিয়াম 2024-এ বাছাই করায় আনন্দ প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী মোদি বলেন, কচ্ছের স্মৃতিবন ২০২১ সালে ভয়াবহ ভূমিকম্পে হারিয়ে যাওয়া মানুষগুলির স্মৃতির প্রতীক। তিনি বলেন, এটি মানুষের স্থিতিস্থাপকতা এবং সাহসিকতা স্মরণ করিয়ে দেয়। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও এই অর্জনকে ভারতের জন্য একটি স্মরণীয় মুহূর্ত বলে জানান।

ARDD MINISTER :

প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাসের পৌরহিত্যে গতকাল আগরতলায় এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে রাজ্যে ডিম দুধ মাংস উৎপাদন বৃদ্ধি করা ও পশু পাখিদের সুরক্ষা ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। তাছাড়া গত অর্থবছরে প্রাণী সম্পদ বিকাশ দপ্তরে গৃহিত বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন নিয়েও বৈঠকে পর্যালোচনা করা হয়। বৈঠক শেষে মন্ত্রী শ্রী দাস জানান, রাজ্যে মাংসের উৎপাদন সন্তোষজনক। কিন্তু দুধ ও ডিম চাহিদার তুলনায় ঘাটতি রয়েছে। রাজ্যে বড় আকারে ডেয়ারি ফার্ম তৈরির লক্ষ্যে ন্যাশনাল ডেভেলপমেন্ট ডেয়ারি বোর্ডের প্রতিনিধির সঙ্গে আলোচনা হয়েছে বলে তিনি জানান ।

IGM VISIT :

বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের সচিব এবং ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়ারম্যান ড. কে. শশীকুমারের নেতৃত্বে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সচিব এবং অন্যান্য আধিকারিকগণ গতকাল ইন্দিরা গান্ধী মেমোরিয়াল হাসপাতালের বায়ো মেডিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট-এর পরিকাঠামো পর্যবেক্ষণ করেন । পরিদর্শনকালে বায়ো-মেডিক্যাল বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে স্বাস্থ্যকর্মীদের আরো সংবেদনশীল করার জন্য এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়ারম্যান ড. কে. শশীকুমার IGM হাসপাতাল কর্তৃপক্ষকে পরামর্শ দিয়েছেন । তিনি সরকারি

বেসরকারি স্বাস্থ্য পরিষেবা কেন্দ্রগুলিকে বায়ো মেডিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট-এর নিয়মগুলি মেনে চলার আহ্বান জানিয়েছেন ।

Ratan Chakraborty :

ওল্ড আগরতলা পঞ্চায়েত সমিতির বাৎসরিক সাধারণ সভা গতকাল ব্লকের হল ঘরে অনুষ্ঠিত হয় । সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী। এদিনের সভায় এবং পঞ্চায়েত সমিতির সমস্ত প্রধান, উপপ্রধান, ব্লক এর বিডিও, ব্লক চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান সহ বিভিন্ন দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বিধায়ক রতন চক্রবর্তী সভায় উপস্থিত সকলের কাছে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প প্রকৃত সুবিধা ভোগীদের কাছে পৌঁছানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান।

Felicitatation :

বনমালীপুর বিজেপি মন্ডলের উদ্যোগে গতকাল নজরুল কলাক্ষেত্রে মাধ্যমিক- উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ বিদ্যার্থীদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, বনমালীপুর মন্ডল সভাপতি চন্দ্রশেখর দেব, বিজেপি সদর জেলা সভাপতি অসীম ভট্টাচার্য, জিমনাস্ট দীপা কর্মকার সহ অন্যান্যরা। শ্রী ভট্টাচার্য বলেন, আজকের বিদ্যার্থীরাই আগামী দিনের ভবিষ্যৎ।

Protest - youth congress :

নিট পরীক্ষার ফলাফলে অনিয়মের প্রতিবাদে গতকাল রাজপথে বিক্ষোভ মিছিল সংগঠিত করে ত্রিপুরা প্রদেশ যুব কংগ্রেস। বিক্ষোভ মিছিলটি প্রেস ক্লাবের সামনে থেকে শুরু হয়ে কামান চৌমুনিতে গিয়ে শেষ হয়। । উপস্থিত ছিলেন প্রদেশ যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা।

IMD warning Rail :

ভারী থেকে অতিভারী বৃষ্টির ফলে এন.এফ রেলওয়ে লামডিং-বদরপুর পাহাড় লাইনে গতকাল ও আজ আটটি যাত্রীবাহী ট্রেন বাতিল করেছে। উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের অতিরিক্ত জেনারেল ম্যানেজার রবিলেশ কুমার গতকাল গুয়াহাটীর মালিগাঁও-এ এক সাংবাদিক সম্মেলনে একথা জানান।

PM Poshan-Khowai :

পিএম পোষণ প্রকল্প নিয়ে গতকাল খোয়াই পুরাতন টাউন হলে এক সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। স্কুলগুলিতে এই প্রকল্পে নির্দেশিকা মেনে কিভাবে কাজ করতে হবে এবিষয়ে শিবিরে বক্তব্য রাখেন খোয়াই জেলা শিক্ষা দপ্তরের ও-এস-ডি ঋষিকেশ দেববর্মা।

Weather :

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে আজ আকাশ প্রধানত মেঘাচ্ছন্ন থাকবে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ডিগ্রি সেলসিয়াস। দিনের তাপমাত্রা থাকবে ৩২ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি। কিছু কিছু জায়গায় বৃষ্টিপাত সহ উত্তর, ঊনকোটি ও ধলাই জেলাতে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।
